



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নথি নং- ৫৮মাধ্য/সনদ/২০০৫/৮৬/

তারিখ-১৬/০৯/২০১৮

বিষয় : ২০১৬ ও ২০১৭ সালের জেএসসি পরীক্ষার মূল সনদ বিতরণ প্রসঙ্গে।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৬ ও ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্নে বর্ণিত সময় ও নিয়ম অনুযায়ী অত্র অফিস থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণের তারিখ : ২৫/০৯/২০১৮ হতে ০১/১০/২০১৮ পর্যন্ত।

সময় : সকাল ১০:৩০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত।

সনদ বিতরণের স্থান : ০৪ নং ভবনের ০৬ তলা (লিফটের ০৫)।

জেলা ওয়ারী বিতরণের তারিখঃ

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
০১	গোপালগঞ্জ, নেত্রকোনা, জামালপুর, মুন্সিগঞ্জ, নরসিংদী	২৫/০৯/২০১৮
০২	মাদারীপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ	২৬/০৯/২০১৮
০৩	রাজবাড়ী, শেরপুর, শরিয়তপুর, ঢাকা জেলা	২৭/০৯/২০১৮
০৪	ফরিদপুর, টাংগাইল, গাজীপুর	৩০/০৯/২০১৮
০৫	ঢাকা মহানগর	০১/১০/২০১৮

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহণ করার জন্য গ্রুপওয়ারী কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ সদনপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিজের বা প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির/গভর্নিং বডির সিদ্ধান্তের কপিসহ মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের উপর ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডির চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদপত্র প্রদান করা সম্ভব হবে না। প্রকাশ থাকে যে, কোন ছাত্র/ছাত্রী সাময়িক সনদপত্র গ্রহণ করে থাকলে মূল সনদপত্র প্রদানের সময় সাময়িক সনদপত্র ফেরৎ নিতে হবে। পরবর্তীতে গৃহিত সমস্ত সাময়িক সনদপত্র নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

স্বাঃ-

পরীক্ষা নিয়ন্ত্রক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

ফোন নং- ৯৬৬৯৮১৫,

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।



মোঃ হেলাল উদ্দিন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড